



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. Honours 3rd Semester Examination, 2022-23

BNGACOR07T-BENGALI (CC7)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্ন মানের নির্দেশক  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০  
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)
- একক - ১
- (ক) “আমরা যদি পরাগ মণ্ডলের কথা পাড়িলাম, তবে তাহার দুঃখের পরিচয় কিঞ্চিৎ সবিস্তারে না দিয়া থাকিতে পারি না।” — পরাগ মণ্ডল কে? তার দুঃখের যে পরিচয় ‘সাম্য’ প্রবন্ধে লেখক ব্যক্ত করেছেন তা সংক্ষেপে আলোচনা করো। ১+৯
- অথবা
- (খ) নারীর বিদ্যাশিক্ষা এবং বিধবা নারীর পুনর্বিবাহ সম্পর্কে ‘সাম্য’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের বক্তব্য সংক্ষেপে পর্যালোচনা করো। ৫+৫
- একক - ২
- (গ) ‘বিশ্বপরিচয়’ গ্রন্থের অন্তর্গত ‘পরমাণুলোক’ প্রবন্ধে লেখক আমাদের পঞ্চ-ইন্দ্রিয় এবং অণু-পরমাণু নিয়ে প্রাথমিক যে কথা বলেছেন, তা সংক্ষেপে আলোচনা করো। ৩+৭
- অথবা
- (ঘ) ‘বিশ্বপরিচয়’ গ্রন্থের অন্তর্গত ‘নক্ষত্রলোক’ প্রবন্ধে চার প্রকার নক্ষত্র সম্বন্ধে যা বলা হয়েছে, তা সংক্ষেপে বর্ণনা করো। ১০
- একক - ৩
- (ঙ) “সাহিত্যচর্চা যে শিক্ষার সর্বপ্রধান অঙ্গ সে বিষয়ে সন্দেহ নেই।” — ‘বইপড়া’ প্রবন্ধে প্রমথ চৌধুরী কেন একথা বলেছেন তা আলোচনা করো। ১০
- অথবা
- (চ) বর্ষাপ্রকৃতি মানবের প্রাণে যে সজীবতা ও আনন্দানুভূতির সঞ্চার করে তা ‘বর্ষা’ প্রবন্ধে কীভাবে অভিব্যক্ত হয়েছে? ১০
- একক - ৪
- (ছ) “সেই রাতে একটা ইংরিজি কথা জানলেম — ‘সাইক্লোন’ ” — ‘সাইক্লোন’ রচনায় শৈশবের নানা স্মৃতিচারণের সূত্রে অবনীন্দ্রনাথ এই সাইক্লোনের যে অভিজ্ঞতা বিবৃত করেছেন তার পরিচয় দাও। ১০
- অথবা
- (জ) ‘আপন কথা’ গ্রন্থে লেখকের প্রকাশভঙ্গির বিশেষত্ব আলোচনা করো। ১০

- ২। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২=১০  
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হওয়া বাঞ্ছনীয়)
- (ক) 'পৃথিবীতে যত প্রকার সামাজিক বৈষম্যের উৎপত্তি হইয়াছে ভারতবর্ষের পূর্বকালিক বর্ণবৈষম্যের ন্যায় গুরুতর বৈষম্য কখন কোন সমাজে প্রচলিত হয় নাই।' — কথাটির তাৎপর্য আলোচনা করো। ৫
- (খ) দুটি বিষয়ে সংক্ষিপ্ত টীকা লেখোঃ ২.৫+২.৫  
বুধগ্রহ, শুক্রগ্রহ, মঙ্গলগ্রহ
- (গ) 'ইংরেজি শিক্ষার গুণেই আমরা দেশের লুপ্ত অতীতের পুনরুদ্ধারকল্পে ব্রতী হয়েছি।' — 'সবুজপত্রের মুখপত্র' প্রবন্ধে লেখকের এই মন্তব্যটি ব্যাখ্যা করো। ৫
- (ঘ) 'আপন কথা' গ্রন্থে সমসের কোচম্যানের বিচিত্র বেশভূষা ও পোশাক পারিপাট্যের পরিচয় দাও। ৫